

তবু চলতে হবে

অনন্যা ভট্টাচার্য

চলতে হবে জেনেও থমকে পড়ি
তারপর কাটে কয়েকটা অনিদ্রার রাত,
কোলাহলের শহরে নিরব আমি আর কিছু
পেরে উঠতে পারার যুদ্ধ।
এভাবেই চলে যায় কয়েকটা দিন, মাস
কিংবা বছর;
এখন আমি অনেকটাই শক্ত, বাস্তববাদী আর
খানিকটা অভিজ্ঞ।

বেঁচে থাকার আর বাঁচিয়ে রাখার আমার
এখন দারুন উদ্যম।
দুই পা মাটির উপর আমার আকাশ অনেক
বড়, অনেক.....অনেক....অনেক বড় !

আমি থমকে ছিলাম, তবে থেমে যাই নি,

এমন থমকে পড়াই বাঁচতে শেখায়,
এমন থমকে পড়াই হাঁটতে শেখায়,
এমন থমকে পড়াই আমিটাকে চিনতে শেখায়।

মৃত্যু উপভোগ করতেই বাঁচতে হয়,
হাল ধরতে গেলে হাল ছাড়তে হয়।